এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# হিসাববিজ্ঞান

বিষয় কোড: | ১ | ৪ | ৬ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের মান সমান। ক বিভাগ থেকে ২টি এবং খ বিভাগ থেকে যেকোনো ৫টিসহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ক-বিভাগ

**১. ▶ জনাব মাহবুবের ৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ:**

| ক্রমিক নং | হিসাবের নাম | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | ক্রয় ও বিক্রয় | | ১,০৫,০০০ | ১,৮৫,০০০ |
| ২. | পণ্য ফেরত | | ৩,০০০ | ২,০০০ |
| ৩. | প্রাপ্য ও প্রদেয় হিসাব | | ৩৫,০০০ | ২২,০০০ |
| ৪. | ১০% বিনিয়োগ ও প্রাপ্ত সুদ | | ২৫,০০০ | ২,০০০ |
| ৫. | স্থায়ী সম্পদ ও পুঞ্জীভূত অবচয় | | ৭০,০০০ | ১০,০০০ |
| ৬. | মজুরি ও বকেয়া মজুরি | | ৬,৫০০ | ১,৫০০ |
| ৭. | উত্তোলন ও মূলধন | | ২০,০০০ | ১,০০,০০০ |
| ৮. | কারবারি বাট্টা ও নগদ বাট্টা | | ২,০০০ | ১,০০০ |
| ৯. | বেতন (৯ মাস) | | ২৬,৪০০ | |
| ১০. | বিক্রয় পরিবহন | | ৪,৮০০ | |
| ১১. | মজুদ পণ্য (০১.০১.১৬) | | ২৩,০০০ | |
| ১২. | অনাদায়ী পাওনা সঞ্চিতি | | | ২,৫০০ |
| ১৩. | নগদ তহবিল | | ৫,৩০০ | |
| | | | ৩,২৬,০০০ | ৩,২৬,০০০ |

**সমন্বয়সমূহ:** i. সমাপনী মজুদ পণ্য ৩৮,০০০ টাকা। ii. প্রাপ্য হিসাবের ২,০০০ টাকা অবলোপন করো এবং অবশিষ্টের ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধরো। iii. ক্যাশবাক্স থেকে হারিয়ে যাওয়া তিনটি ৫০০ টাকা নোটের হিসাব লেখা হয়নি। iv. স্থায়ী সম্পদের ১০% অবচয় ধরতে হবে।

ক. জনাব মাহবুবের স্থায়ী সম্পত্তির পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে জনাব মাহবুবের মোট মুনাফা/ক্ষতি নির্ণয় করো। ৪

গ. জনাব মাহাবুবের নিট মুনাফা/ক্ষতি নির্ণয় করো। ৪

http://teachingbd.com

২.▶ জনাব রত্না ট্রেডার্সের রেওয়ামিল ও অসমন্বয়কৃত তথ্যাবলি নিম্নরূপ:

**রেওয়ামিল**

**৩০ জুন, ২০১৭**

| ক্রমিক নং | হিসাবের নাম | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | উত্তোলন ও মূলধন | | ৩৫,০০০ | ১,২০,০০০ |
| ২. | অফিস সরঞ্জাম | | ৫০,০০০ | |
| ৩. | ক্রয় ও বিক্রয় | | ৮৯,৫০০ | ১,৬৫,০০০ |
| ৪. | অতিরিক্ত মূলধন (০১.০১.১৭) | | | ২০,০০০ |
| ৫. | ইজারা সম্পত্তি (৭ বছর) | | ৭০,০০০ | |
| ৬. | বিজ্ঞাপন | | ৮,০০০ | |
| ৭. | অগ্রিম ভাড়া ও বকেয়া পরিবহন | | ২০,০০০ | ৫,০০০ |
| ৮. | দেনাদার ও পাওনাদার | | ৩৪,০০০ | ২১,০০০ |
| ৯. | প্রারম্ভিক মজুদ পণ্য | | ১৬,৭০০ | |
| ১০. | ব্যাংক ওভার ড্রাফট | | | ১৩,৬০০ |
| ১১. | বিমা প্রিমিয়াম | | ১০,০০০ | |
| ১২. | হাতে নগদ | | ২১,৪০০ | |
| ১৩. | সাধারণ সঞ্চিতি | | | ১০,০০০ |
| | | | ৩,৫৪,৬০০ | ৩,৫৪,৬০০ |

অন্যান্য তথ্যাদি : i. আন্তঃফেরত ৩,০০০ টাকা ও বিনামূল্যে পণ্য বিতরণ ১,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি। ii. বিমা ২০১৭ সালের ৩০ সেপ্টেম্বর পর্যন্ত এক বছরের জন্য। iii. মোট বিজ্ঞাপনের ২/৩ অংশ বিলম্বিত করো। iv. মূলধনের ওপর ৬% সুদ এবং অফিস সরঞ্জামের ১০% অবচয় ধরো। v. সমাপনী মজুদ পণ্যের মূল্য ৩৫,০০০ টাকা।

ক. রত্না ট্রেডার্সের বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করো। ২

খ. নিট মুনাফা ৫৮,৫০০ টাকা ধরে প্রতিষ্ঠানটির মালিকানাস্বত্ব নির্ণয় করো। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী তৈরি করে প্রমাণ করো যে, রত্না ট্রেডার্সের মোট সম্পদ = মোট দায় + মালিকানাস্বত্ব। ৪

## খ-বিভাগ

৩.▶ জনাব তামিম ২০১৭ সালের ১ জানুয়ারি নগদ ৫০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার সংঘটিত ঘটনাগুলো হলো:

Teachingbd.com

| | | |
|---|---|---|
| জানু. | ২ | মাসিক ১০,০০০ টাকার বেতনে দোকানের জন্য একজন ম্যানেজার নিয়োগ করা হলো। |
| " | ৩ | রাশেদের নিকট থেকে ১০,০০০ টাকার পণ্য ৩% বাট্টায় ক্রয় করা হলো। (শর্ত ২/১০, নিট ৩০, চালান নং ১৫২)। |
| " | ৭ | বাড়িওয়ালাকে অগ্রিম প্রদান ১৫,০০০ টাকা। |
| " | ১০ | ৩ তারিখে ক্রয়কৃত পণ্যমূল্য পরিশোধের জন্য ম্যানেজারকে নির্দেশ দেওয়া হলো। |
| " | ১২ | দোকানের জন্য চেয়ার টেবিল ক্রয় করা হলো ২০,০০০ টাকা। |
| " | ১৫ | ছেলের স্কুলের ভর্তি ফি প্রদান করা হলো ৩,০০০ টাকা। |

ক. জনাব তামিমের ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনাগুলো চিহ্নিত করো। ২

খ. হিসাব সমীকরণের উপাদানগুলোর ওপর উপর্যুক্ত লেনদেনগুলোর প্রভাব দেখাও। ৪

গ. উপর্যুক্ত ১৫২ নং চালানটি প্রস্তুত করো। ৪

৪.▶ মি. রাজন রায় তার ব্যবসায়ের পূর্ণাঙ্গ হিসাব সংরক্ষণ করেন না। ২০১৬ সালের তার হিসাব বই থেকে প্রাপ্ত তথ্য নিম্নরূপ:

| বিবরণ | টাকা | পরিমাণ |
|---|---|---|
| | ০১.০১.২০১৬ | ৩১.১২.২০১৬ |
| মজুদ পণ্য | ১৪,৫০০ | ১৯,৮০০ |
| পাওনাদার | ১২,০০০ | ১৭,০০০ |
| দেনাদার | ১৮,০০০ | ২৪,৪০০ |
| বকেয়া খরচাবলি | ২,৬০০ | |
| নগদ | ১০,৮০০ | ২৫,৫০০ |
| ঋণ | | ১০,০০০ |

উল্লেখ্য মি. রাজন প্রতি মাসে ১,২০০ টাকা করে নগদ এবং সারা বছরে মোট ৭০০ টাকার পণ্য উত্তোলন করেন। এছাড়া তিনি বছরের মাঝামাঝি সময়ে ব্যবসায়ে ৫,০০০ টাকা অতিরিক্ত মূলধন সরবরাহ করেন।

ক. মি. রাজন রায়ের প্রারম্ভিক মূলধন পরিমাণ নির্ণয় করো। ২

খ. মি. রাজন রায়ের সমাপনী মূলধন নির্ণয় করো। ৪

গ. মি. রাজন রায়ের উক্ত বছরের লাভ বা ক্ষতি নির্ণয় করো। ৪

http://teachingbd.com

৫.▶ জনাব মুবিন ২০১৭ সালের ১ জুলাই নগদ ১,৫০,০০০ টাকা, ৫০,০০০ টাকার আসবাবপত্র এবং ১,০০,০০০ টাকা ঋণ নিয়ে মুদি ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার লেনদেনগুলো ছিল নিম্নরূপ:

| | | | |
|---|---|---|---|
| জুলাই | ২ | পণ্য ক্রয় | ২৭,০০০ টাকা |
| " | ৫ | সাজিদের নিকট ১৭,০০০ টাকার পণ্য বিক্রয় করে প্রাপ্তি | ১৫,০০০ টাকা |
| " | ১২ | ঋণ পরিশোধ | ২০,০০০ টাকা |
| " | ২৭ | সাজিদের নিকট পাওনা অনাদায়ী হয়ে গেল | ২,০০০ টাকা |

ক. ১ জুলাই তারিখে জনাব মুবিনের সম্পদের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত ২ থেকে ২৭ তারিখের লেনদেনগুলোর ডেবিট ও ক্রেডিট পক্ষ এবং হিসাবের শ্রেণিবিভাগ কারণসহ লেখ। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলো অবলম্বনে ২০১৭ সালের ৩১ জুলাই তারিখে জনাব মুবিনের স্বত্বাধিকারের পরিমাণ নির্ণয় করো। ৪

৬.▶ জনাব শাওন চকবাজারের একজন পাইকারি ব্যবসায়ী ২০১৭ সালের মার্চ মাসে তার ব্যবসায়ে সংঘটিত কতিপয় লেনদেন নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| মার্চ | ৪ | মওলা ব্রাদার্স, শেরপুর এর নিকট থেকে প্রতি ৫০ কেজির বস্তা ২,৮০০ টাকা দরে ৮০ বস্তা মিনিকেট চাল ক্রয়। কুলি খরচ বস্তা প্রতি ৫ টাকা। চালান নং ২০৫। উক্ত চালানে ৩% কারবারি বাট্টা ধরা হয়েছে। শর্ত ২/১০, নিট ৩০। |
| " | ১০ | মাদারীপুরের সৈকত ট্রেডার্সের নিকট থেকে ৪% বাট্টায় প্রতি কেজি ১০৫ টাকা দরে ১২০ কেজি মসুর ডাল ক্রয় করা হলো। |
| " | ১৩ | মিনিকেট চালের পরিবর্তে নাজিরশাইল চাল আসায় মওলা ব্রাদার্সকে ৭ বস্তা চাল ফেরত পাঠানো হলো। ডেবিট নোট নং ২১। |

ক. উক্ত কেনাকাটায় জনাব শাওনের মোট আনুষাঙ্গিক খরচের পরিমাণ নির্ণয় করো। ২

খ. লেনদেনগুলো অবলম্বনে জনাব শাওনের ক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪

গ. উপর্যুক্ত ১৩ মার্চ তারিখের ডেবিট নোটটি প্রস্তুত করো। ৪

৭.▶ জনাব রিফাত ১ আগস্ট, ২০১৭ তারিখে নগদ ১,০০,০০০ টাকা, পণ্য ৩০,০০০ টাকা এবং সজলের নিকট থেকে ৫০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার অন্যান্য লেনদেনগুলো ছিল নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| আগস্ট | ৫ | দোকানের প্রচার প্রচারণা বাবদ ব্যয় হলো ৫,০০০ টাকা। |
| " | ১২ | পণ্য বিক্রয় করা হলো ১০,০০০ টাকা। |
| " | ১৮ | ব্যক্তিগত অর্থে দোকানের জন্য একটি ফ্রিজ কেনা হলো ৩০,০০০ টাকা। |

http://teachingbd.com

" ৩১ কর্মচারী রাজুকে বেতন প্রদান করা হলো ৭,০০০ টাকা।

ক. ১ আগস্ট, ২০১৭ তারিখে জনাব রিফাতের মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত ১, ৫, ১৮ ও ৩১ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলো অবলম্বনে চলমান জের ছক খতিয়ানে নগদান হিসাব এবং T ছক খতিয়ানে মূলধন হিসাব তৈরি করো। ৪

**৮.▶** মাধবী এন্টারপ্রাইজের ডিসেম্বর, ২০১৬ এর লেনদেনসমূহ নিম্নরূপ:

ডিসে. ১ নগদান তহবিল ২৫,৬০০ টাকা ও ব্যাংক জমার উদ্বৃত্ত ১৭,৪০০ টাকা।

" ২ ব্যাংক থেকে উত্তোলন: ব্যবসায়ের জন্য ৬,০০০ টাকা ও মালিকের প্রয়োজনে ৪,০০০ টাকা।

" ৭ ৮,০০০ টাকার পণ্য ৫% বাট্টায় বিক্রয় করে চেক প্রাপ্তি।

" ১১ সোহেলের নিকট থেকে ৫,০০০ টাকা পাওনার পূর্ণনিষ্পত্তিতে ৪,৮০০ টাকার একটি চেক পেয়ে বুলবুলের নিকট ৪,৯০০ টাকা দেনার পূর্ণনিষ্পত্তি করা হলো।

" ১২ পণ্য ক্রয় নগদে ৭,৫০০ টাকার ও চেকে ৫,৫০০ টাকা।

" ১৫ ফারিহার নিকট থেকে প্রাপ্তি ৬,৪০০ টাকা এবং বাট্টা প্রদান ১০০ টাকা।

" ২৩ পুরাতন আসবাবপত্র বিক্রয় ৩,৬০০ টাকা।

" ৩১ নগদ উদ্বৃত্ত ১,০০০ টাকা রেখে অবশিষ্ট অর্থ ব্যাংকে জমা দেওয়া হলো।

ক. দাগকাটা চেকের মাধ্যমে সম্পাদিত লেনদেনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. মাধবী এন্টারপ্রাইজের নগদ প্রাপ্তি জাবেদা তৈরি করো। ৪

গ. প্রতিষ্ঠানটির জন্য উপযুক্ত নগদান বইটি প্রস্তুত করো। ৪

**৯.▶ সায়মন ট্রেডার্সের ২০১৬ সালের বিভিন্ন হিসাবের উদ্বৃত্তগুলো ছিল নিম্নরূপ:**
**মূলধন (০১.০১.১৬) ৯০,০০০ টাকা, কমিশন ২,০০০ টাকা, প্রাপ্য বিল ১৪,০০০ টাকা, মজুদ পণ্য (০১.০১.১৬) ১৫,৫০০ টাকা, দেনাদার ২৮,০০০ টাকা, বন্ধকি ঋণ ৩০,০০০ টাকা, ক্রয় ৬০,০০০ টাকা, বিক্রয় ৮০,০০০ টাকা, আয়কর ২,০০০ টাকা, বিমা সেলামি ৫,০০০ টাকা, উপভাড়া ৭,০০০ টাকা, ১০% বিনিয়োগ ৩০,০০০ টাকা, যন্ত্রপাতি ৫০,০০০ টাকা, প্রারম্ভিক ব্যাংক জমাতিরিক্ত ১০,০০০ টাকা, অনাদায়ী পাওনা ৩,০০০ টাকা, বিনিয়োগের সুদ ১,৫০০ টাকা, আন্তঃপরিবহন ৪,৭০০ টাকা, প্রাপ্ত বাট্টা ১,০০০ টাকা, অগ্রিম শিক্ষানবিশ সেলামি ৪,৮০০ টাকা, মজুদ পণ্য (৩১.১২.১৬) ৩৩,০০০ টাকা, বেতন ২৬,০০০ টাকা, নগদ তহবিল ২৪,১০০ টাকা।**

ক. সায়মন ট্রেডার্সের রেওয়ামিল বহির্ভূত হিসাব উদ্বৃত্তের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত হিসাব উদ্বৃতগুলো অবম্বনে ৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখের রেওয়ামিলটি প্রস্তুত করো। ৪

TeachingBD.com
http://teachingbd.com

গ. জনাব সায়মনের মোট সম্পদ ও মোট দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

১০. ▶ শান লেদার্স ১,২০০ জোড়া জুতো তৈরি করতে নিম্নোক্ত খরচগুলো করে:

| | |
|---|---|
| চামড়া ক্রয় | ৩,০০,০০০ টাকা |
| আঠা, সুতা ও অন্যান্য সামগ্রী ক্রয় | ১০,০০০ টাকা |
| চামড়ার পরিবহন খরচ | ২০,০০০ টাকা |
| চামড়া পাকাকরণ খরচ | ১০,০০০ টাকা |
| শ্রমিকের মজুরি | ১,০০,০০০ টাকা |
| কারখানার ভাড়া ও বিদ্যুৎ খরচ | ৩০,০০০ টাকা |
| শোরুমের খরচ | ১৮,০০০ টাকা |
| বিজ্ঞাপন | ১২,০০০ টাকা |

ক. শান লেদার্স-এর রূপান্তর ব্যয় নির্ণয় করো। ২
খ. উক্ত জুতার উৎপাদন ব্যয় নির্ণয় করো। ৪
গ. মোট ব্যয়ের ওপর ২০% লাভ ধরে প্রতি জোড়া জুতোর বিক্রয়মূল্য নির্ণয় করো। ৪

১১. ▶ জনাব রায়হানের পরিবারের হিসাব সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

**প্রাপ্তি ও প্রদান হিসাব**

২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| বেতন | ৩,০০,০০০ | খাদ্যসামগ্রী ক্রয় | ৮৮,০০০ |
| পুরনো আসবাবপত্র বিক্রয় | ৫,০০০ | বাড়ি ভাড়া | ১,২৫,০০০ |
| ব্যাংক ঋণ গ্রহণ | ৫০,০০০ | মুদি ও মনিহারি | ৩৫,০০০ |
| সঞ্চয়পত্রের মুনাফা | ২,০০০ | কম্পিউটার ক্রয় | ৪০,০০০ |
| | | শিক্ষা খরচ | ৩০,০০০ |
| | | চিকিৎসা খরচ | ২০,০০০ |
| | | যাতায়াত | ৭,৫০০ |
| | | উদ্বৃত্ত (৩১.১২.১৬) | ১১,৫০০ |
| | ৩,৫৭,০০০ | | ৩,৫৭,০০০ |

উক্ত বছরের ১ জানুয়ারি তারিখে জনাব রায়হানের পরিবারের আর্থিক অবস্থা নিম্নরূপ ছিল:

আসববাপত্র ৬০,০০০ টাকা, সরঞ্জাম ৫০,০০০ টাকা ও ১০% সঞ্চয়পত্র ২৫,০০০ টাকা, উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে জনাব রায়হানের—

ক. প্রারম্ভিক পারিবারিক তহবিল নির্ণয় করো। ২
খ. আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪
গ. আর্থিক অবস্থা নির্ণয় করো। ৪

Teachingbd.com

## বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান— ৩০

বিষয় কোড: | ১ | ৪ | ৬ |

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. ঘরে দাগ কেটে ও রশিতে গিট দিয়ে প্রাচীনকালে মানুষ কিসের হিসাব রাখত?
ক দিন, মাস বা বছরের
খ গুরুত্বপূর্ণ ঘটনাবলির
গ শিকারকৃত জীবজন্তুর
ঘ উৎপাদিত ফসল ও মজুদের

২. আর্থিক ফলাফল ও আর্থিক অবস্থা নির্ণয় হিসাববিজ্ঞানের কী?
ক সর্বপ্রথম উদ্দেশ্য
খ অন্যতম প্রধান উদ্দেশ্য
গ বিশেষ উদ্দেশ্য
ঘ প্রধান বৈশিষ্ট্য

৩. কোনটি সেবামূলক অমুনাফাভোগী প্রতিষ্ঠান?
ক বৃদ্ধাশ্রম বা বৃদ্ধনিবাস
খ প্রাইভেট বিশ্ববিদ্যালয়
গ স্কয়ার হাসপাতাল
ঘ হোটেল সুন্দরবন

৪. নিচের কোন লেনদেনটি হিসাব সমীকরণের E উপাদানটিকে প্রভাবিত করবে না?
ক মালিকের নিজস্ব অর্থে কর্মচারীর বেতন প্রদান ৭,০০০ টাকা
খ সেপ্টেম্বর মাসের দোকান ভাড়া বকেয়া ৫,০০০ টাকা
গ ব্যবসায়ে ব্যবহৃত পুরাতন যন্ত্রপাতি বিক্রয় ৬,০০০ টাকা
ঘ গুদাম থেকে ৩,০০০ টাকার পণ্য চুরি হয়ে যায়

৫. জনাব সাজ্জাদ একজন ব্যবসায়ী। তার ব্যবসায়ের হিসাব বইতে লিপিবদ্ধ করা হয়—
i. দৃশ্যমান ও অদৃশ্যমান সকল ঘটনা
ii. অর্থের অঙ্কে পরিমাপযোগ্য ঘটনা
iii. আর্থিক অবস্থার পরিবর্তনকারী ঘটনা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৬. বহিঃচালান কোনটির উৎস দলিল হিসেবে ব্যবহৃত হয়?
ক ক্রয় জাবেদা
খ বিক্রয় জাবেদা
গ বিক্রয় ফেরত জাবেদা
ঘ নগদ প্রদান জাবেদা

৭. জনাব রাকিবের সমাপনী মূলধন ৫৫,০০০ টাকা; উত্তোলন ১০,০০০ টাকা এবং লাভের পরিমাণ ২৫,০০০ টাকা। অতিরিক্ত মূলধন না এনে থাকলে তার প্রারম্ভিক মূলধন কত ছিল?
ক ১৫,০০০ টাকা খ ৩৫,০০০ টাকা
গ ৪০,০০০ টাকা ঘ ৭০,০০০ টাকা

৮. হিসাব চক্রের ঐচ্ছিক ধাপ কোনটি?
ক কার্যপত্র খ সমন্বয় দাখিলা
গ আর্থিক বিবরণী ঘ খতিয়ান

৯. সমাপনী দাখিলার মাধ্যমে বন্ধ করা হয়—
i. আয় হিসাব ii. ব্যয় হিসাব
iii. উত্তোলন হিসাব
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও:
২০১৬ সালে সারা লেদারস্ হাজারীবাগ থেকে আশুলিয়ায় তাদের কারখানা স্থানান্তর করে। এতে তাদের মোটা অঙ্কের অর্থ ব্যয় করতে হয়। উক্ত বছর তারা কারখানা ভাড়া বাবদ মোট ১,৩০,০০০ টাকা পরিশোধ করে যার মধ্যে পূর্ববর্তী বছরের বকেয়া ভাড়া ১০,০০০ টাকা ও পরবর্তী বছরের অগ্রিম ভাড়া ২০,০০০ টাকা।

১০. সারা লেদারস্-এর কারখানা স্থানান্তর ব্যয় কোন জাতীয় লেনদেন?
ক মূলধন জাতীয় প্রদান
খ মূলধন জাতীয় ব্যয়
গ বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়
ঘ মূলধন জাতীয় ক্ষতি

১১. সারা ট্রেডার্সের মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ কত?
ক ১,০০,০০০ টাকা
খ ১,২০,০০০ টাকা
গ ১,৩০,০০০ টাকা
ঘ ১,৬০,০০০ টাকা

১২. ব্যারিস্টার তন্ময় তার অফিসে ব্যবহারের জন্য একখানা ফাইল কেবিনেট ক্রয় করেন। উক্ত ক্রয়ের জন্য কোন হিসাবটি ডেবিট হবে?
ক ক্রয় হিসাব
খ আসবাবপত্র হিসাব
গ অফিস সাপ্লাইজ হিসাব
ঘ অফিস সরঞ্জাম হিসাব

১৩. কোনটি দ্বারা আয় হ্রাস হয়?
ক আন্তঃফেরত খ বহিঃফেরত
গ কারবারি বাট্টা ঘ পণ্য উত্তোলন

১৪. লেনদেনের দ্বৈত সত্তার প্রয়োগ নিশ্চিত করতে কোনটি প্রস্তুত করা হয়?
ক বিবরণী ছক খ জাবেদা
গ খতিয়ান ঘ লেনদেনের উৎস দলিল

১৫. পণ্য ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে চালানে উল্লিখিত বিমা খরচ কাকে পরিশোধ করতে হয়?
ক বিমা প্রতিষ্ঠানকে খ বিক্রেতাকে
গ ক্রেতাকে ঘ পরিবহন কর্তৃপক্ষকে

http://teachingbd.com

১৬. ২০১৬ সালে বেতন বাবদ পরিশোধিত হয়েছে ১৮,০০০ টাকা। আর্থিক বিবরণী প্রস্তুতের পূর্বে জানা গেল উক্ত বেতনের মধ্যে কর্মচারী বাবুলের অগ্রিম বেতন ৫,০০০ টাকা অন্তর্ভুক্ত। লেনদেনটির জাবেদা কী হবে?
ক বাবুল হিসাব ডেবিট/বেতন হিসাব ক্রেডিট
খ বেতন হিসাব ডেবিট/অগ্রিম বেতন হিসাব ক্রেডিট
গ অগ্রিম বেতন হিসাব ডেবিট/নগদান হিসাব ক্রেডিট
ঘ অগ্রিম বেতন হিসাব ডেবিট/বেতন হিসাব ক্রেডিট

১৭. বিশেষ জাবেদা হতে সাধারণ খতিয়ানে পোস্টিং দেওয়া হয়—
i. দৈনিক
ii. প্রতি সপ্তাহের শেষে
iii. প্রতি মাসের শেষে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১৮. কোনটিকে মূল হিসাব নামে অভিহিত করা হয়?
ক বিক্রয় হিসাব খ ক্রয় হিসাব
গ পাওনাদার হিসাব ঘ রাজিব হিসাব

**উদ্দীপকটি পড়ো এবং ১৯ নং প্রশ্নের উত্তর দাও:**
নগদে ও ধারে পণ্য বিক্রয় যথাক্রমে ১০,০০০ টাকা ও ১৫,০০০ টাকা; পুরাতন আলমারি বিক্রয় ২০,০০০ টাকা; বিক্রয় ফেরত ৩,০০০ টাকা।

১৯. খতিয়ানে বিক্রয় হিসাবে কত টাকা উদ্বৃত্ত হবে?
ক ১৫,০০০ টাকা খ ২৫,০০০ টাকা
গ ৪২,০০০ টাকা ঘ ৪৫,০০০ টাকা

২০. মি. সাহা শুধু একঘরা নগদান বই সংরক্ষণ করেন। তাকে প্রাপ্ত ও প্রদত্ত বাট্টা কোন বইতে লিপিবদ্ধ করতে হবে।
ক বিশেষ জাবেদায় খ প্রকৃত জাবেদায়
গ খতিয়ানে
ঘ লিপিবদ্ধ করতে হবে না

২১. ৪% বাট্টা বাদে ২,৪০০ টাকা পাওয়া গেল। এক্ষেত্রে প্রদত্ত বাট্টার পরিমাণ কত হবে?
ক ৪ টাকা খ ৯৬ টাকা
গ ১০০ টাকা ঘ ১৯২ টাকা

২২. রেওয়ামিল তৈরির মূল উদ্দেশ্য কোনটি?
ক হিসাব চক্রের ধারাবাহিকতা রক্ষা
খ হিসাবের নির্ভুলতা নিশ্চিতকরণ
গ আর্থিক বিবরণী তৈরিতে সহায়তা
ঘ হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই

২৩. মি. মাহিরের প্রস্তুতকৃত রেওয়ামিলে বহিঃফেরত ২,৫০০ টাকা ডেবিট ও আন্তঃফেরত ৩,৫০০ টাকা ক্রেডিট করা হয়েছে। অন্য সকল দফা ঠিক থাকলে উক্ত রেওয়ামিলে অনিশ্চিত হিসাবের পরিমাণ কত হবে?
ক ১,০০০ টাকা
খ ২,০০০ টাকা
গ ২,৫০০ টাকা
ঘ ৩,৫০০ টাকা

২৪. হিসাববিজ্ঞানের কোন প্রথা অনুযায়ী ঘড়ি, স্ট্যাপলার ইত্যাদি স্বল্পমূল্যের সম্পদকে উক্ত বছরের খরচ হিসেবে লিপিবদ্ধ করা হয়?
ক বস্তুনিষ্ঠতা ধারণা
খ হিসাবকাল ধারণা
গ রক্ষণশীলতার নীতি
ঘ ক্রয়মূল্য নীতি

২৫. ব্যবসায়ের অপরিচালন আয় হলো—
i. শিক্ষানবিশ সেলামি
ii. উপভাড়া
iii. মূলধনের সুদ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

২৬. মোট সম্পত্তি থেকে চলতি দায় বাদ দিলে কোনটি পাওয়া যায়?
ক চলতি মূলধন
খ বিনিয়োজিত মূলধন
গ চলতি সম্পদ
ঘ তরল সম্পদ

২৭. কোনটি আরোপণযোগ্য খরচ?
ক পৌরকর
খ কারখানা ভাড়া
গ কাপড় বয়নের মজুরি
ঘ দরপত্রের ক্রয়মূল্য

২৮. প্রত্যক্ষ শ্রম + কারখানা উপরিব্যয় = কী?
ক মুখ্য ব্যয়
খ উৎপাদন ব্যয়
গ বিক্রীত পণ্যের ব্যয়
ঘ রূপান্তর ব্যয়

২৯. কোনটি মূলধন জাতীয় পারিবারিক লেনদেন?
ক কাপড় ক্রয় খ খাদ্যসামগ্রী ক্রয়
গ তৈজসপত্র ক্রয় ঘ জীবন বিমার প্রিমিয়াম

৩০. জনাব আমিনুলের মাসিক আয় ৫০,০০০ টাকা। পারিবারিক বাজেটে তার খাদ্য খাতে কত টাকা বরাদ্দ রাখা যুক্তিসংগত?
ক ২০,০০০ – ২৫,০০০
খ ১৫,০০০ – ২০,০০০
গ ১০,০০০ – ১২,৫০০
ঘ ৫,০০০ – ১০,০০০

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | খ | ৩ | ক | ৪ | গ | ৫ | গ | ৬ | খ | ৭ | গ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | গ | ১১ | ক | ১২ | খ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | গ |
| | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | খ | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | গ |

http://teachingbd.com